# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
**স্বাধীনতা ভবন**
**৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০**
**প্রশাসন বিভাগ**
(www.bffwt.gov.bd)

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.২২.০০২.২২-৭৭৬৯

তারিখ: ০৪ পৌষ ১৪২৯
১৯ ডিসেম্বর ২০২২

বিষয়: **তথ্য অধিকার আইন-২০০৯ এর ৫ধারা অনুসারে যাবতীয় তথ্যের তৈরীকৃত কাটালগ ও ইনডেক্স ওয়েবসাইটে প্রকাশ।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩-এর আওতায় 'তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা-২০২২-২০২৩' এর অনুচ্ছেদ ১.৪ মোতাবেক তথ্য অধিকার আইন-২০০৯ এর ৫ধারা অনুযায়ী প্রস্তুতকৃত এ ট্রাস্টের যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ ওয়েবসাইটে প্রকাশের জন্য এতদসঙ্গে পেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক ০৫ (পাঁচ) ফর্দ।

১৯/১২/২০২২

(মোঃ ফয়েজ আহমেদ খান)
ব্যবস্থাপক, প্রশাসন
ও
তথ্য প্রদানে দায়িত্বপপ্রাপ্ত কর্মকর্তা
ফোনঃ ২২৩৩৮৭২৬১

সহকারী প্রোগ্রামার (আইসিটি)
প্রশাসন বিভাগ
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক (শিল্প ও বাণিজ্য/অর্থ/কল্যাণ)/সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০২। উপসচিব (প্রশিক্ষণ) ও তথ্য প্রদানে দায়িত্বপপ্রাপ্ত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
০৩। পরিচালক (অর্থ/কল্যাণ)/সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৪। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৫। অফিস কপি/গার্ড ফাইল

2

**তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫-ধারা অনুসারে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ:**

| ক্র: নং | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের মাধ্যম/সেবা প্রদান পদ্ধতি |
|---|---|---|
| ০১। | সংস্থার পরিচিতি, মাননীয় পরিচালনা পর্ষদ, মাননীয় চেয়ারম্যান ও মাননীয় ব্যবস্থাপনা পরিচালক সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ০২। | সংস্থার নিয়োগ/পদোন্নতি/বদলি সংক্রান্ত অফিস আদেশ | ওয়েবসাইট |
| ০৩। | সংস্থার গুরুত্বপূর্ণ অফিস আদেশ, বিজ্ঞপ্তি ও কোভিড-১৯ মোকাবিলায় সংস্থার কার্যক্রম | ওয়েবসাইট |
| ০৪। | তথ্যের জন্য নাগরিকের কাছ থেকে প্রাপ্ত সকল আবেদন পত্রের অনুলিপি, যার মধ্যে নিম্নোক্ত তথ্যসমূহ অন্তর্ভুক্ত থাকবে :<br><br>(ক) যে কর্তৃপক্ষ কর্তৃক অনুরোধপত্রটি গৃহীত হয়েছে তার নাম;<br>(খ) কি তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে;<br>(গ) অনুরোধের তারিখ | গৃহীত আবেদন পত্রের একটি কপি প্রত্যেক কর্তৃপক্ষের/তথ্য প্রদান ইউনিটের, ইন্টারনেটে, পরিদর্শনের জন্য অফিসে রক্ষিত থাকবে। |
| ০৫। | বিভিন্ন সভার বিজ্ঞপ্তি/নোটিশ | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ০৬। | বিভিন্ন টেন্ডার বিজ্ঞপ্তি | ওয়েবসাইট |
| ০৭। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের বার্ষিক ক্রয় পরিকল্পনা | ওয়েবসাইট |
| ০৮। | বিভিন্ন জাতীয় দিবসসহ ও গুরুত্বপূর্ণ অনুষ্ঠান উদযাপনের অফিস আদেশ | ওয়েবসাইট |
| ০৯। | বিভিন্ন প্রকার ফোকাল/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের তালিকা | ওয়েবসাইট |
| ১০। | বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশাসনিক আদেশ | ওয়েবসাইট |
| ১১। | বিভিন্ন প্রতিবেদন/প্রকাশনা | ওয়েবসাইট |
| ১২। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবি, টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ফ্যাক্স নম্বর ও ই-মেইল নম্বর | ওয়েবসাইট |
| ১৩। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) | ওয়েবসাইট |
| ১৪। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন ও বাস্তবায়ন কমিটি | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ১৫। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ১৬। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ১৭। | শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের তালিকা | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ১৮। | ই-গর্ভনেন্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ১৯। | ই-গর্ভনেন্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |

| | | |
|---|---|---|
| ২০। | তথ্য অধিকার কর্মপরিকল্পনা | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ২১। | তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপিল কর্তৃপক্ষ (আরটিআই) নির্ধারণ | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ২২। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) কর্মপরিকল্পনা | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ২৩। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ২৪। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার তথ্য ও আপিল নিষ্পত্তি কর্মকর্তার তথ্য | ওয়েবসাইট |
| ২৫। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ২৬। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | ওয়েবসাইট |
| ২৭। | অভ্যন্তরীণ (ইন-হাউজ) প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের তালিকা | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ২৮। | প্রশিক্ষণ আয়োজনের প্রশাসনিক আদেশ | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ২৯। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃক প্রণীত আইন/বিধি/প্রবিধির কপি | ওয়েবসাইট ও সরকারি গেজেট |
| ৩০। | এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্টের তথ্য | ওয়েবসাইট |
| ৩১। | কোভিড-১৯ মহামারী থেকে সুরক্ষার জন্য স্বাস্থ্যবিধি মেনে চলা সংক্রান্ত আদেশ | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ৩২। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃক প্রণীত বার্ষিক প্রতিবেদন | ওয়েবসাইট ও প্রতিবেদন |
| ৩৩। | কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিকদের নিয়োগ/বদলি/সংযুক্তি প্রদানের আদেশ | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ৩৪। | কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি সংক্রান্ত অফিস আদেশ | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট |
| ৩৫। | সম্মিলিত জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন | ওয়েবসাইট |
| ৩৬। | বঙ্গবন্ধু ছাত্র-বৃত্তি ও পিএইচডি এর জন্য দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তি প্রকাশ | ওয়েবসাইট |
| ৩৭। | **কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামুলক নয়:**<br><br>৭। এই আইনের অন্যান্য বিধানাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, কোন কর্তৃপক্ষ কোন নাগরিককে নিম্নলিখিত তথ্যসমূহ প্রদান করিতে বাধ্য থাকিবে না, যথাঃ –<br><br>(ক) কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা, অখণ্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হইতে পারে এইরূপ তথ্য; | ওয়েবসাইট |

(খ) পররাষ্ট্রনীতির কোন বিষয় যাহার দ্বারা বিদেশী রাষ্ট্রের অথবা আন্তর্জাতিক কোন সংস্থা বা আঞ্চলিক কোন জোট বা সংগঠনের সহিত বিদ্যমান সম্পর্ক ক্ষুণ্ন হইতে পারে এইরূপ তথ্য;

(গ) কোন বিদেশী সরকারের নিকট হইতে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য;

(ঘ) কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হইতে পারে এইরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য;

(ঙ) কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করিতে পারে এইরূপ নিম্নোক্ত তথ্য, যথাঃ-

(অ) আয়কর, শুল্ক, ভ্যাট ও আবগারী আইন, বাজেট বা করহার পরিবর্তন সংক্রান্ত কোন আগাম তথ্য;

(আ) মুদ্রার বিনিময় ও সুদের হার পরিবর্তনজনিত কোন আগাম তথ্য;

(ই) ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা ও তদারকি সংক্রান্ত কোন আগাম তথ্য;

(চ) কোন তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হইতে পারে বা অপরাধ বৃদ্ধি পাইতে পারে এইরূপ তথ্য;

(ছ) কোন তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হইতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হইতে পারে এইরূপ তথ্য;

(জ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ন হইতে পারে এইরূপ তথ্য;

(ঝ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হইতে পারে এইরূপ তথ্য;

(ঞ) আইন প্রয়োগকারী সংস্থার সহায়তার জন্য কোন ব্যক্তি কর্তৃক গোপনে প্রদত্ত কোন তথ্য;

(ট) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যাহা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রহিয়াছে অথবা যাহার প্রকাশ আদালত অবমাননার শামিল এইরূপ তথ্য;

(ঠ) তদন্তাধীন কোন বিষয় যাহার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাইতে পারে এইরূপ তথ্য;

(ড) কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করিতে পারে এইরূপ তথ্য;

(ঢ) আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ তথ্য;

(ণ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এইরূপ কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য;

(ত) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হইবার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য

| | | |
|---|---|---|
| | (থ) জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হইতে পারে এইরূপ তথ্য;<br><br>(দ) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;<br><br>(ধ) পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;<br><br>(ন) মন্ত্রিপরিষদ বা, ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপনীয় সার-সংক্ষেপসহ আনুষঙ্গিক দলিলাদি এবং উক্তরূপ বৈঠকের আলোচনা ও সিদ্ধান্ত সংক্রান্ত কোন তথ্য: | |
| ৩৮। | **<u>তথ্য প্রদান পদ্ধতি:</u>**<br><br>৯। (১) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ধারা ৮ এর উপ-ধারা (১) এর অধীন অনুরোধ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করিবেন।<br><br>(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, অনুরোধকৃত তথ্যের সহিত একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকিলে অনধিক ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে উক্ত অনুরোধকৃত তথ্য সরবরাহ করিতে হইবে।<br><br>(৩) উপ-ধারা (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হইলে অপারগতার কারণ উল্লেখ করিয়া আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তিনি উহা অনুরোধকারীকে অবহিত করিবেন।<br><br>(৪) উপ-ধারা (১) এবং (২) এ যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৮ এর উপ-ধারা (১) এর অধীন অনুরোধকৃত তথ্য কোন ব্যক্তির জীবন-মৃত্যু, গ্রেফতার এবং কারাগার হইতে মুক্তি সম্পর্কিত হইলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে উক্ত বিষয়ে প্রাথমিক তথ্য সরবরাহ করিবেন।<br><br>(৫) উপ-ধারা (১), (২) বা (৪) এ উল্লিখিত সময়সীমার মধ্যে তথ্য সরবরাহ করিতে কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যর্থ হইলে সংশ্লিষ্ট তথ্য প্রাপ্তির অনুরোধ প্রত্যাখ্যান করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।<br><br>(৬) কোন অনুরোধকৃত তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট সরবরাহের জন্য মজুদ থাকিলে তিনি উক্ত তথ্যের যুক্তিসংগত মূল্য নির্ধারণ করিবেন এবং উক্ত মূল্য অনধিক ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে পরিশোধ করিবার জন্য অনুরোধকারীকে অবহিত করিবেন।<br><br>(৭) উপ-ধারা (৬) এর অধীন মূল্য নির্ধারণের ক্ষেত্রে তথ্য প্রদানের প্রকৃত ব্যয় যেমন- তথ্যের মুদ্রিত মূল্য, ইলেক্ট্রনিক ফরমেট এর মূল্য কিংবা ফটোকপি বা প্রিন্ট আউট সংক্রান্ত যে ব্যয় হইবে উহা হইতে অধিক মূল্য নির্ধারণ করা যাইবে না।<br><br>(৮) ধারা ৮ এর উপ-ধারা (১) এর অধীন অনুরোধকৃত তথ্য প্রদান করা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট যথাযথ বিবেচিত হইলে এবং যেক্ষেত্রে উক্ত তথ্য তৃতীয় পক্ষ কর্তৃক সরবরাহ করা হইয়াছে কিংবা উক্ত তথ্যে তৃতীয় পক্ষের স্বার্থ জড়িত রহিয়াছে এবং তৃতীয় পক্ষ উহা গোপনীয় তথ্য হিসাবে গণ্য করিয়াছে সেইক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্তরূপ অনুরোধ প্রাপ্তির ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে তৃতীয় পক্ষকে উহার লিখিত বা মৌখিক মতামত চাহিয়া নোটিশ প্রদান করিবেন এবং তৃতীয় পক্ষ এইরূপ নোটিশের প্রেক্ষিতে কোন মতামত প্রদান করিলে উহা বিবেচনায় লইয়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধকারীকে তথ্য প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবেন।<br><br>(৯) ধারা ৭ এ যাহা কিছুই থাকুক না কেন, তথ্য প্রকাশের জন্য বাধ্যতামূলক নয়, এইরূপ তথ্যের সহিত সম্পর্কযুক্ত হইবার কারণে কোন অনুরোধ সম্পূর্ণ প্রত্যাখান করা যাইবে না এবং অনুরোধের যতটুকু অংশ প্রকাশের জন্য বাধ্যতামূলক নয় এবং যতটুকু অংশ যৌক্তিকভাবে পৃথক করা সম্ভব, ততটুকু অংশ অনুরোধকারীকে সরবরাহ করিতে হইবে। | ওয়েবসাইট |

| | | |
|---|---|---|
| | (১০) কোন ইন্দ্রীয় প্রতিবন্ধী ব্যক্তিকে কোন রেকর্ড বা উহার অংশবিশেষ জানাইবার প্রয়োজন হইলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত প্রতিবন্ধী ব্যক্তিকে তথ্য লাভে সহায়তা প্রদান করিবেন এবং পরিদর্শনের জন্য যে ধরণের সহযোগিতা প্রয়োজন তাহা প্রদান করাও এই সহায়তার অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবে | |

(মোঃ ফয়েজ আহমেদ খান)
ব্যবস্থাপক (প্রশাসন)
ও
তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট